

### ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল আহূত ধর্মঘট পালিত হয় নাই

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥  
ছাত্রদল ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা  
আহূত ধর্মঘট পালিত হয় নাই।  
আটক নেতৃবৃন্দের মুক্তির দাবীতে  
গতকাল (বৃহস্পতিবার) হইতে ছাত্র-  
দল লাগাতার ধর্মঘটের ডাক দিয়াছিল  
ছাত্রদল কর্মীরা গতকাল সকালে  
কুষ্টিয়া শহর হইতে বিশ্ববিদ্যালয়ের  
পরিবহনসমূহ ছাড়িবার পর শহরের  
কাষ্টমস মোড় এলাকায় আটকাইয়া  
দেওয়ার চেষ্টা করিলে পুলিশ লাঠি-  
চার্জ করিতে উদ্যত হইলে তাহার  
( ২য় পৃ: ৬-এর ক: দ্র: )

### ইসলামী বিশ্ববিদ্যালয়ে

( শেষ পৃ: পর )

পিছু হটিয়া যায়। পরে পুলিশ প্রহ-  
রায় সকল পরিবহন চলাচল করে।  
অফিসসমূহ খোলা ছিল। সকল বিভা-  
গের ক্লাস ও নির্ধারিত পরীক্ষাসমূহ  
যথারীতি অনুষ্ঠিত হয়। ক্যাম্পাসে  
ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্ম-  
চারীর উপস্থিতি ছিল উল্লেখযোগ্য।

এদিকে প্রশাসন ভবনে ছাত্রলীগ  
(শা-পা) আয়োজিত সমাবেশে বক্তব্য  
রাখেন মীর জিল্লুর রহমান, শামসুল  
ইসলাম জোহা, আনোয়ার হোসেন  
স্বপন প্রমুখ। নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়  
প্রশাসনকে সতর্ক করিয়া দিয়া  
বলেন, পূর্বের ন্যায় এবারও ছাত্র-  
দলের সন্ত্রাসীদের মুক্তির ব্যবস্থা করা  
হইলে পরবর্তী পরিস্থিতির জন্য  
প্রশাসনকেই দায়ী থাকিতে হইবে।

অনুষদ ভবনে জাতীয় ছাত্র সমাজ  
আয়োজিত সমাবেশে ছাত্রদলের  
সন্ত্রাসীদের বিশ্ববিদ্যালয় হইতে বহি-  
ষ্কার ও দলীয় নিয়োগ বাতিলের দাবী  
জানান হয়। ছাত্রশিবির এই ধর্ম-  
ঘটের প্রতিবাদে অনুরূপ সমাবেশের  
আয়োজন করে।